

এডুকেশন ইউকে ফেয়ার শুরু
বাংলাদেশী ছাত্রছাত্রীরা সমস্যায় পড়বে না- প্রত্যাশা ও প্রতিশ্রুতি

নিজস্ব বার্তা পরিবেশক। যুক্তরাজ্য এমন কোন নিয়মের আওতায় বাংলাদেশী ছাত্রছাত্রীদের ফেসবে না, যেখানে তাদের সমস্যার আলো জড়তে হয়- শিক্ষার্থীর এ প্রত্যাশা আর ব্রিটিশ হাইকমিশনারের

প্রতিশ্রুতির মধ্যদিয়ে বৃহস্পতিবার শুরু হয়েছে তিন দিনব্যাপী এডুকেশন ইউকে ফেয়ার ২০০৩।
হোটেল শেরাটনের উইন্টার গার্ডেনে শুরু হওয়া ফেয়ার উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক প্রধান অতিথির বক্তৃতায় সম্প্রতি যুক্তরাজ্যের গৃহীত পদক্ষেপের প্রতি ইঙ্গিত দিয়ে বলেন, যুক্তরাজ্য যেন এমন কোন ব্যবস্থার মধ্যে বাংলাদেশকে না ফেলে। তিনি আশা প্রকাশ করে বলেন, যুক্তরাজ্য এমন কোন নিয়মের আওতায় বাংলাদেশী ছাত্রছাত্রীদের ফেসবে না যেখানে তাদের সমস্যায় পড়তে হয়। সম্প্রতি যুক্তরাজ্য যে সিদ্ধান্ত নিয়েছে তা আমাদের কাছে উদ্বোধনের কারণ হয়ে দাঁড়িয়েছে। যুক্তরাজ্যের শিক্ষার তুলনীয় প্রশংসা করে মন্ত্রী বলেন, যুক্তরাজ্যের প্রত্যাশা : পৃঃ ১১ কঃ ৬

প্রত্যাশা : যুক্তরাজ্যে

(১২ পৃষ্ঠার পর)

ডিম্বি বিশ্বনন্দিত। তাইতো 'মেধা' যায়, আমাদের দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সনামধন্য সব শিক্ষক, প্রকৌশলী ও বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞরা- সবাই প্রায় যুক্তরাজ্যের ডিম্বিধারী। তিনি বলেন, সত্যিকার অর্থে আমরা এখনও পিছিয়ে আছি। আশা করি, আগামী দিনগুলোতে আমাদের মেধাবী ছাত্রছাত্রীরা যুক্তরাজ্যের বিশ্বনন্দিত শিক্ষা গ্রহণ করে পিছিয়ে পড়া এ জাতিকে সামনের দিকে নিয়ে যাবে।

যুক্তরাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দূরার বাংলাদেশী ছাত্রছাত্রীদের জন্য সবসময় উন্নত- এ কথা উল্লেখ করে ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার ডেভিড কার্টার বলেন, যুক্তরাজ্যে উচ্চশিক্ষা গ্রহণে বন্ধু রাষ্ট্র বাংলাদেশের ছাত্রছাত্রীদের কোন সমস্যাই হবে না। কোন বিশেষ নিয়মের মধ্যে তাদের পড়তে হবে না। আগামী দিনে ভিসা পদ্ধতি আরও সহজ হবে বলে উল্লেখ করে হাইকমিশনার বলেন, প্রকৃত ছাত্রছাত্রীরা যাতে সহজে যুক্তরাজ্যের ভিসা পেতে পারে তার জন্য ব্রিটিশ কাউন্সিলে চান্দু করা হয়েছে ই-ডকুমেন্টস। এ সিস্টেমের আওতায় আবেদনকারী ১ দিনের মধ্যেই ভিসার সিদ্ধান্ত সম্পর্কে জানানতে পারবে। তিনি বলেন, যেকোন উন্নয়ন ও অগ্রগতির মূলভিত্তি হচ্ছে শিক্ষা। যুক্তরাজ্যে শিক্ষাগ্রহণের সুযোগে দেশে ফিরে বাংলাদেশী ছাত্রছাত্রীরা সমাজ উন্নয়নে ভূমিকা রাখবে বলে হাইকমিশনার আশা প্রকাশ করেন।

ফেয়ার উদ্বোধনা সম্পর্কে ব্রিটিশ কাউন্সিলের ভারপ্রাপ্ত পরিচালক চার্লস ন্যাটাল বলেন, যুক্তরাজ্যে উচ্চ শিক্ষাগ্রহণে আগ্রহী ছাত্রছাত্রীদের যুক্তরাজ্যের শিক্ষা ব্যবস্থা, কোর্স কারিকুলাম, টিউশিয়ন ফিসহ যাবতীয় তথ্য জানানো এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে

শিক্ষার্থীদের সরাসরি যোগাযোগ করার সুযোগ সৃষ্টির জন্য এ ফেয়ার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, বিশ্বের বিভিন্ন দেশের ছাত্রছাত্রীদের শিক্ষাগ্রহণের জন্য পছন্দের এক নম্বর দেশ হচ্ছে যুক্তরাজ্য। এর মূল কারণ হচ্ছে, যুক্তরাজ্যের শিক্ষার মান বিশ্বসেরা। উন্নত ভবিষ্যৎ আর ব্যক্তিগত গঠনে যুক্তরাজ্যের ডিম্বি অনন্য।

গতকাল ফেয়ার প্রথম দিনেই মেধা মেঘে ছাত্রছাত্রীদের উপচে পড়া ভিড়। পছন্দে শিক্ষা প্রতিষ্ঠান আর বিষয় সম্পর্কে তথ্য জানতে শত শত ছাত্রছাত্রী সমবেত হয়েছিল শেরাটনের উইন্টার গার্ডেনে। মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান আয়োজন করেছে ৩০ মিনিটের কয়েকটি সেমিনার। যেখানে বিভিন্ন তথ্য বিতরণি জানানো হয়েছে ছাত্রছাত্রীদের। এবারে মেলায় অংশ নিয়েছে ১৮টি শিক্ষা প্রতিষ্ঠান